

‘এবং মল্লয়া’-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ ( U.G.C.- CARE List-I 2021 )

অনুমোদিততালিকার অন্তর্ভুক্ত । ২০২১ সালে প্রকাশিত  
১৬পৃ. তালিকার (৩১৯ টির মধ্যে ) ৩পৃ. ৬০ নং উল্লেখিত ।

# এবং মল্লয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩ তম বর্ষ, ১৪১ (ক) সংখ্যা, নভেম্বর, ২০২১

সম্পাদক

ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন

গোশকুমাচক, মেদিনীপুর, প.বঙ্গ।

‘এবং মত্ৰয়া’ -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (UGC-CARE)

অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত ।

২০২১সালে প্রকাশিত ৮৬পৃ.তালিকার ৬০ পৃ.এবং ৮৪পৃ.উল্লেখিত ।

# এবং মত্ৰয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা )

২৩তম বর্ষ, ১৪১(ক) সংখ্যা

নভেম্বর, ২০২১

সম্পাদক

ড. মদনমোহন বেরা

সহসম্পাদক

পায়েল দাস বেরা

মৌমিতা দত্ত বেরা

যোগাযোগ :

ড. মদনমোহন বেরা, সম্পাদক ।

গোলকুঁয়াচক, পোস্ট-মেদিনীপুর, ৭২১১০১, জেলা-প.মেদিনীপুর, প.বঙ্গ ।

মো.-৯১৫৩১৭৭৬৫৩

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ ।

৩৭. গীতিকাব্যরূপে ঋতুচক্রচক্রমণ :: অনুপ রুইদাস.....	৩২৬
৩৮. নেপালের বিভিন্ন জাতি-জনজাতির বর্গীকরণ এবং রাজবংশী জাতির সংক্ষিপ্ত পরিচয় :: রামকিশোর বর্মণ.....	৩৩৩
৩৯. বিবেকানন্দের কবিতায় অদ্বৈতবাদ :: শঙ্কর মণ্ডল.....	৩৫২
৪০. বিষয় ও নির্মাণে আটের দশকের কবিতা :: রিয়া ঢোল.....	৩৬২
৪১. উপজাতির জীবন ও সমাজ-সংস্কৃতি : 'তথাপাড়ার ইতিকথা' উপন্যাসের আলোকে :: চাঁদমালা খাতুন.....	৩৭৬
৪২. ব্রিটিশ ভারতে অবিভক্ত দিনাজপুর জেলায় চরমপন্থী আন্দোলন: একটি পর্যালোচনা :: চন্দনা সাহা.....	৩৮৪
৪৩. রাণীর চোখে নন্দদা :: বীণাপাণি ঘোষ মহাপাত্র.....	৩৮৯
৪৪. সাঁওতালি লোকগীতের গুণ ও মহত্বের সংক্ষিপ্ত পরিচয় :: ড. কিশুন মুরমু.....	৩৯৫
৪৫. ছোটকাগজেশিশু-কিশোরদের জন্য কবিতা :: ড. মনোজ ভোজ.....	৪০০
৪৬. আদিম সাঁওতাল জাতির সংক্ষিপ্ত পরিচয় :: রাজীব মুর্মু.....	৪০৬
৪৭. অমিয়ভূষণ মজুমদারের উপন্যাসে রাভা সমাজ ও সংস্কৃতি :: ড. রমাতোষ সরকার.....	৪১২
৪৮. সময়লব্ধ সত্য: প্রসঙ্গ 'আরম্ভের রাত' :: সুভাষ চন্দ্র দাস.....	৪২১
৪৯. অভিজিৎ সেনের 'নাগমঙ্গল' : এক আশ্চর্য ভাসান যাত্রার উপাখ্যান :: পৌলমী দাস.....	৪২৮
৫০. সাঁওতালি ভাষা-সাহিত্য ও শিক্ষা :: নুদুনাথ মুরমু.....	৪৩৪
৫১. সাঁওতালি বিবাহগানের বিশ্লেষণমূলক আলোচনা :: কিশুন সরেন.....	৪৪০
৫২. মানিকদত্তের চণ্ডীমঙ্গলকাব্য: প্রসঙ্গ পাখি :: ড. সোমেন কুমার রায়.....	৪৪৪
৫৩. জগদ্দল মহাবিহার : প্রাচীন ভারতের শিক্ষাজগতের একটি উজ্জ্বল অধ্যায় :: ড. সনৎ কুমার অধিকারী.....	৪৫০
৫৪. বঙ্গদেশে চৈতন্য প্রবর্তিত ভক্তি-আন্দোলন : ব্যর্থতার কারণ ও ফলশ্রুতি :: ড. রত্নদীপ পুরকায়স্থ.....	৪৫৪
৫৫. আসামের নাগরিকদের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক অবস্থা : একটি লিঙ্গভিত্তিক তুলনামূলক অধ্যয়ন :: ওয়াজি উদ্দিন চৌধুরী.....	৪৬৫
৫৬. অতুল পরশে ঠুংরি অপরাধ রূপান্তর :: সুলগ্না চক্রবর্তী.....	৪৭০
৫৭. দীনবন্ধু মিত্রের 'সধবার একাদশী' একটি সমকালের দলিল :: কৌশিক দাস.....	৪৭৫
৫৮. প্রাচীন ভারতে প্রকৃতি, বাস্তুতন্ত্র ও ভূগর্ভস্থ জলস্তর সন্ধান জৈব নির্দেশকের ভূমিকা সম্পর্কে বরাহ মিহিরের বৃহৎ সংহিতার অবদান :: ড. অবিলাশ সেনগুপ্ত.....	৪৮৪

# প্রাচীন ভারতে প্রকৃতি, বাস্তুতন্ত্র ও ভূগর্ভস্থ জলস্তর সন্ধান জৈবনির্দেশকের ভূমিকা সম্পর্কে বরাহ মিহিরের বৃহৎ সংহিতার অবদান

ড. অবিনাশ সেনগুপ্ত

বরাহ মিহির ভারতীয় জ্ঞানচর্চার জগতে একটি অবিস্মরণীয় নাম। প্রধানত একজন গণিতবিদ ও জ্যোতির্বিজ্ঞানী রূপে প্রসিদ্ধ হলেও তার অসাধারণ অন্তর্দৃষ্টি ও তীক্ষ্ণ পর্যবেক্ষণ শক্তির জন্য পরিবেশ ও বাস্তুতন্ত্র সম্পর্কিত বিষয়েও তিনি নিজস্বতার প্রমাণ রেখে গেছেন। আর্ষভট্টের সঙ্গে যার নাম একই সঙ্গে উচ্চারিত হয় সেই বরাহ মিহিরের নাম ভারতীয় জ্যোতির্বিজ্ঞানের জগতে স্বর্ণাক্ষরে লিখিত আছে। বরাহ মিহিরকে গুপ্তযুগের সমসাময়িক বলে মনে করা হয়, অর্থাৎ ভারতীয় সংস্কৃতির শ্রেষ্ঠ সময়ে তিনি আবির্ভূত হয়েছিলেন। তিনি ৫০৫ খ্রীষ্টাব্দে কাপিথকাতে জন্ম গ্রহণ করেন এবং ৫৮৭ খ্রীষ্টাব্দে অবস্টিতে (উজ্জয়িনী) মৃত্যু বরণ করেন। তিনি ছিলেন ব্রাহ্মণ আদিত্য দাসের পুত্র যিনি একজন সূর্যের উপাসক ও জ্যোতিষী ছিলেন। তাই সূর্যের নামানুসারে পুত্রের নাম রেখেছিলেন মিহির। বরাহ মিহির তার পিতার নিকট থেকে জ্যোতিষশাস্ত্র শিখেছিলেন এবং বেদজ্ঞান আয়ত্ত্ব করেছিলেন। কুসুমাপুরে মহান জ্যোতির্বিদ আর্ষভট্টের সাথে সাক্ষাতের পরে তিনি জ্যোতির্বিদ্যায় আগ্রহী হয়েছিলেন।<sup>(১)</sup>

তার লেখা প্রধান তিনটি গ্রন্থ হল: পঞ্চসিদ্ধান্তিকা, বৃহৎসংহিতা ও বৃহৎজাতক। তার অন্যতম বিখ্যাত রচনা হল বৃহৎ সংহিতা। এটি শুধু জ্যোতিষশাস্ত্র নয়, স্থাপত্য থেকে কৃষি, আবহবিদ্যা থেকে দেহতত্ত্ব, অর্থনীতি থেকে দন্ত চিকিৎসা পর্যন্ত বিভিন্ন বিষয়ের উপর লেখা অসাধারণ গ্রন্থ।<sup>(২)</sup> বরাহ মিহির এই গ্রন্থে জলবিদ্যা, ভূতত্ত্ব ও বাস্তুবিদ্যা সম্পর্কিত বিষয়ে খুব গুরুত্বপূর্ণ আলোচনা রেখে গেছেন। এটি লক্ষ্য করা যায় যে বর্তমানে ভূউদ্ভিদবিদ্যার আধুনিক বিজ্ঞান দ্বারা যে উদ্যোগগুলি নেওয়া হচ্ছে তা প্রাচীন ভারতীয় ঋষি ও সাধুদের দ্বারা ভূগর্ভস্থ জল অনুসন্ধানের জন্য সফলভাবে সম্পন্ন করা হয়েছিল। এটা দুর্ভাগ্যজনক যে বর্তমান